

যুগান্তর

তারিখ ... ..  
পৃষ্ঠা ৩ কলাম ২

SEP 15 2002

# চট্টগ্রাম সিটি কলেজে ভর্তির নামে ছাত্রলীগের চাঁদাবাজি: অধ্যক্ষসহ শিক্ষকদের কক্ষে তালা

চট্টগ্রাম ব্যারো

চট্টগ্রাম সরকারি সিটি কলেজে একাদশ শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তির নামে চাঁদাবাজির অভিযোগ পাওয়া গেছে। দীর্ঘদিন ধরে

ছাত্রলীগের দাবলে থাকা কলেজটিতে গতকাল শনিবার ছিল ভর্তির শেষ দিন। কলেজ প্রশাসন ছাত্রলীগের আবদার চাঁদাবাজি: পড়া: ১০ পরকম: ১

## চাঁদাবাজি: সিটি

(শেষ পৃষ্ঠার পর)

অনুযায়ী অবৈধভাবে শিক্ষার্থী ভর্তি করা না চাইলে গতকাল ছাত্রলীগের ক্যাডার ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট শিক্ষকদের কক্ষে তালা কুপিয়ে দেয়। অধ্যক্ষসহ ভি.সদস্যবিশিষ্ট ভর্তি কমিটির কাউকেই তার ক্যাম্পাসে প্রবেশ করতে দেয়নি। সাধারণ শিক্ষকরা এ ব্যাপারে ফুরু হলেও দীর্ঘদিন ধরা তাদের প্রতিবাদের কোনও ভাষা ছিল না গতকাল।

সাধারণ ছাত্রছাত্রী ও শিক্ষকরা অভিযোগ করেছেন প্রতি বছর একাদশ ও ডিগ্রিতে ভর্তির সময় সরকারি সিটি কলেজ ছাত্রলীগ ও ছাত্র সংসদের কর্মকর্তারা চাঁদাবাজি মহোৎসবে মেতে ওঠে। এ বছর একাদশ শ্রেণীতে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে ১৩৫০ জন শিক্ষার্থী ভর্তি করানো সিদ্ধান্ত নেয় কলেজ কর্তৃপক্ষ। এর মত সিটি কলেজ ছাত্রলীগ ও ছাত্রলীগ সমন্বিত কলেজ ছাত্র সংসদ কর্তৃপক্ষের কা ৩৫০টি সিট দাবি করে। কিন্তু কর্তৃপক্ষ দাবি প্রথম থেকেই প্রত্যাখ্যান করে তারপরও আগস্টে ভর্তি হওয়া প্রথ পর্যায়ের শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ১০০ টাকা করে আদায় করা হয়। পরবর্তী সময়ে ভর্তি পরীক্ষার অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হলে ছাত্রলীগ তা ছিঁড়ে ফেলে এবং সম্ভাব্য ভর্তিচ্ছুদের তালিকা প্রস্তুত করে। তারা ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি এমন শিক্ষার্থীদের কাছ থেকে তিন হাজার ক্ষেত্রবিশেষে ১০ হাজার টাকা নেয়ার বিনিময়ে সিটি কলেজে তাদের ভর্তির আশ্বাস দেয়। কিন্তু কর্তৃপক্ষ তাতে সন্দিগ্ধ হয়নি। শনিবার অপেক্ষমাণ তালিকার

শিক্ষার্থীদের ভর্তির শেষ দিন সবাই ভর্তি হতে এলে ছাত্রলীগ গোলাযোগ শুরু করে। তারা এর আগে তাদের কাছ থেকে টাকা নিয়েছে তাদের ভর্তির জন্য উঠেপড়ে লাগে। অধ্যক্ষসহ ভর্তি কমিটির সদস্য ও সাধারণ শিক্ষকদের তারা সারাদিন কলেজ ক্যাম্পাসে প্রবেশ করতে দেয়নি। আতঙ্কিত হয়ে ভর্তি হতে আসা অনেক শিক্ষার্থী ভর্তি না হয়ে ফিরে গেছে বলে জানা গেছে।

এ ব্যাপারে সরকারি সিটি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মাহবুবুল খানম ছাত্রলীগের চাঁদাবাজিকে কলেজের বাইরের কাছ উল্লেখ করে, যুগান্তরকে বলেন, কলেজের বাইরে কি হচ্ছে, এ ব্যাপারে তার জানা নেই। এটা তাদের দেবার বিষয় নয়। তবে সিটি কলেজ ছাত্রলীগ নেতৃবৃন্দের সঙ্গে সারাদিন যোগাযোগের চেষ্টা করেও পাওয়া যায়নি।

উল্লেখ্য: চট্টগ্রাম সরকারি সিটি কলেজের মানবিক, বিজ্ঞান ও বাণিজ্য বিভাগের প্রতিটিতে তিনটি সেকশন আছে। প্রত্যেক সেকশনে দেড়শ করে শিক্ষার্থী ভর্তি করা হয়। সন্ধ্যা সাড়ে ৬টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত ভর্তি প্রক্রিয়া অব্যাহত ছিল এবং ক্রিষ্ট জ্যোতি: পরণ করা সম্ভব হয়নি বলে